

২০২৩

বাংলা

(অনার্স)

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNG-H-GE-T-2

বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

(গদ্যের বিকাশ থেকে সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব)

পূর্ণমান : ৬০

সময় : ২ ½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 10 = 20$

- ক) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার রচিত দুটি গদ্যগ্রন্থের নাম প্রকাশকাল-সহ লেখো।
- খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত দুটি মৌলিক গ্রন্থের নাম প্রকাশকাল-সহ উল্লেখ করো।
- গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি সামাজিক উপন্যাস ও একটি ঐতিহাসিক উপন্যাসের নাম প্রকাশকাল-সহ লেখো।

(পরের পাতায়)

- ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি রূপক-সাংকেতিক নাটকের নাম প্রকাশকাল-সহ উল্লেখ করো।
- ঙ) বাংলা কাব্যে অমিত্রাক্ষর ছন্দের প্রথম প্রবর্তক কে? এই ছন্দে রচিত প্রথম কাব্যগ্রন্থটির নাম লেখো।
- চ) 'ভোরের পাখি' কাকে বলা হয়? তাঁর রচিত একটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।
- ছ) কাব্যগ্রন্থগুলির রচয়িতাদের নাম লেখো:  
সর্বহারা, বলাকা, ব্রজাঙ্গনা, ধূসর পাণ্ডুলিপি
- জ) বাংলা সাময়িক পত্রের সম্পাদকগণের নাম লেখো:  
বঙ্গদর্শন, সমাচার দর্পণ, সবুজপত্র, সংবাদ প্রভাকর
- ঝ) গিরিশচন্দ্র ঘোষ রচিত দুটি পৌরাণিক নাটকের নাম প্রকাশকাল-সহ লেখো।
- ঞ) ঔপন্যাসিকদের নাম লেখো:  
ঘরে-বাইরে, পল্লীসমাজ, আনন্দমঠ, পথের দাবী
- ট) নাটকগুলির রচয়িতাদের নাম লেখো:  
কৃষ্ণকুমারী, চিত্রাঙ্গদা, সধবার একাদশী, প্রফুল্ল
- ঠ) সাম্প্রতিক বাংলা ভাষার একটি ধ্বনিতাত্ত্বিক এবং একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- ড) অভিশ্রুতির সংজ্ঞা উদাহরণসহ লেখো।
- ঢ) 'সন্দেশ' শব্দটির কী ধরনের অর্থপরিবর্তন ঘটেছে? তার সংজ্ঞা দাও।

৭) মৌলিক বা নিজস্ব শব্দের অন্তর্গত শব্দগুলির নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের দু'জন লেখকের অবদান আলোচনা করো।

খ) বাংলা প্রবন্ধ সাহিত্যে প্রমথ চৌধুরীর কৃতিত্ব বুঝিয়ে দাও।

গ) বাংলা ছোটগল্পে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

ঘ) 'বিদ্রোহী কবি' কাকে বলা হয়? বাংলা কাব্যে তাঁর অবদান সংক্ষেপে লেখো।

ঙ) বাংলা নাট্যসাহিত্যে দীনবন্ধু মিত্রের অবদান আলোচনা করো।

চ) সংজ্ঞাসহ উদাহরণ লেখো (যে কোনো দুটি) :

অপিনিহিতি, বর্ণবিপর্যয়, সমীভবন, ধ্বনিলোপ

ছ) বাংলা শব্দভাণ্ডারে 'আগন্তুক শব্দ' কাকে বলে? বাংলা শব্দভাণ্ডার কোন্ কোন্ বিদেশী শব্দের প্রভাবে সমৃদ্ধ হয়েছে উদাহরণসহ তা আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

ক) বাংলা প্রবন্ধ সাহিত্যে বঙ্কিমচন্দ্রের অবদান আলোচনা করো।

খ) বাংলা উপন্যাসে রবীন্দ্রনাথের কৃতিত্ব বুঝিয়ে লেখো।

- গ) বাংলা নাট্যসাহিত্যে দ্বিজেন্দ্রলাল রায়ের নাট্য-প্রতিভার পরিচয় দাও।
- ঘ) কালসীমা উল্লেখ করে প্রাচীন বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।
-